

# ইথিওপিয়া প্রজাতন্ত্রের প্রধানমন্ত্রীর সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

24শে আগস্ট, 2023

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ১৫তম ব্রিক্‌স শীর্ষ সম্মেলনের ফাঁকে ২৪শে আগস্ট ২০২৩ এ জোহানেসবার্গে ইথিওপিয়া প্রজাতন্ত্রের প্রধানমন্ত্রী ডঃ আবি আহমেদ আলীর সঙ্গে সাক্ষাৎ করেন।

২. উভয় নেতা উন্নয়ন অংশীদারিত্ব ও সক্ষমতা বৃদ্ধি, বাণিজ্য ও বিনিয়োগ, প্রতিরক্ষা সহযোগিতা, আইসিটি, কৃষি, তরুণদের দক্ষতা বৃদ্ধি এবং জনগণের মধ্যে সংযোগসহ গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিতে ফলপ্রসূ আলোচনা করেন। তারা গুরুত্বপূর্ণ আঞ্চলিক ও বৈশ্বিক ইস্যুতে মতবিনিময় করেন।

৩. ব্রিকসে ইথিওপিয়ার সদস্যপদ লাভের জন্য প্রধানমন্ত্রী আবি আহমেদকে অভিনন্দন জানান প্রধানমন্ত্রী। তিনি ভয়েস অব গ্লোবাল সাউথ সামিটে অংশগ্রহণের জন্য প্রধানমন্ত্রী আবি আহমেদের প্রশংসা করেন।

৪. প্রধানমন্ত্রী আবি আহমেদ ব্রিকস পরিবারে যোগ দিতে ইথিওপিয়ার প্রতি ভারতের সমর্থনের জন্য প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান এবং চন্দ্রযান মিশনের সাফল্যের জন্য প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানান এবং এটিকে ইথিওপিয়া এবং গ্লোবাল সাউথের জন্য গর্ব ও অনুপ্রেরণার মুহূর্ত বলে অভিহিত করেন।

জোহানেসবার্গ

24 শে আগস্ট, 2023